



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

web-site: www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ-৬/

তারিখ : -২০১৫ খ্রি.

বিষয় : নবম/দশম শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের নথি নং-৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৫০ তারিখ : ১৩-১১-২০১৩ খ্রি.

খ) প্রধান শিক্ষকের ২৮-০৩-২০১৫ খ্রি. তারিখের ০৬.০২.০১৫৮.৬১৮.৪০.৭৫৩.১৫.২৫ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন বিএন স্কুল এন্ড কলেজ নিয়োগকৃত শিক্ষক/জনবলের (মাধ্যমিক পর্যায়ে) বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৫ খ্রি. তারিখ হতে নবম এবং ০১-০১-২০১৬ খ্রি. তারিখ হতে দশম শ্রেণিতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

শর্তসমূহ

- ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে
- ২। নবম/দশম শ্রেণি খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ০৩ (তিন) বছরের জন্য অর্থাৎ আগামী ৩১-১২-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৩। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এবং পাঠদানের অনুমতি নবায়ন না করা হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে
- ৪। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৫। এই পত্র ইস্যুর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য প্রবিধান মালা ২০০৯ এর ৪৯ ধারা মোতাবেক একটি "ম্যানেজিং কমিটি" গঠন পূর্বক বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে
- ৬। আগামীতে পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
- ৭। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৮। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
- ৯। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ১০। লাইব্রেরিতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে উন্নীত করতে হবে
- ১১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ১২। বাংলা একাডেমী প্রকাশিত অভিধানসমূহ ক্রয় করতে হবে

30/

(মোস্তা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

অধ্যক্ষ

বিএন স্কুল এন্ড কলেজ

ডাকঘর : দিগরাজ, উপজেলা : মোংলা, জেলা : বাগেরহাট

স্মারক নং বিঅ-৬/ ২৬০ (১-১২)

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোংলা, বাগেরহাট
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট
- ১০। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১। পি. এস. টি. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১২। সংরক্ষণ নথি

30/

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

30/

২১/৪/১৫